গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
এপিএ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৯.৯৯.০০৬.২০-১৯

তারিখ : ২৭ ফেব্রুয়ারি, ২০২০
১৪ মাঘ, ১৪২৬

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের ২০১৯-২০ অর্থ-বছরের এপিএ'র অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদনের ফিডব্যাক সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | মো: হাবিবুর রহমান খান, অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ |
| সভার তারিখ ও সময় | : | ১২ ফেব্রুয়ারি ২০২০, বুধবার, বেলা ১১:৩০টা |
| স্থান | : | মিনি সভাকক্ষ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |

উপস্থিত কর্মকর্তার স্বাক্ষর পরিশিষ্ট- 'ক'-তে দেয়া আছে।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর এপিএ'র ফোকাল পয়েন্ট উপসচিব, জনাব মো: আবদুছ সালাম গত ১০-০২-২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদনের ফিডব্যাক সংক্রান্ত সভায় সূচকের বিপরীতে প্রমানক দাখিলের বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেছে তা সভায় তুলে ধরেন।

এপিএ টিমের সভাপতি ও দপ্তর/সংস্থার প্রতিনিধি এপিএ'তে অন্তর্ভূক্ত সূচকগুলোর বিপরীতে অর্ধ-বার্ষিক অর্জনসমূহ পর্যায়ক্রমে পর্যালোচনা করে মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা অনুযায়ী প্রমাণক দাখিলের পরামর্শ দেন। উপস্থিত সকলের সাথে মূল্যায়ন প্রতিবেদনের বিভিন্ন সূচক ও প্রমাণক নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহত হয়।

**সিদ্ধান্তসমূহ:**

১. গত ১০/০২/২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদনের ফিডব্যাক সংক্রান্ত সভার নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা কর্তৃক প্রতিবেদনের প্রমাণক দাখিল করবেন;

২. মন্ত্রণালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য নির্ধারিত সময়ের মধ্যে অধিক গুরুত্বের সাথে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট শাখা/অধিশাখাকে পত্র দিতে হবে;

৩. দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য অধিক গুরুত্বের সাথে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টদের পত্র দিতে হবে;

৪. এপিএ'র যে সকল সূচক অন্যান্য মন্ত্রণালয়ের সাথে সম্পৃক্ত তাদের সূচক বাস্তবায়নে সহযোগিতার লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র দিতে হবে।

৫. মন্ত্রিপরিষদ বিভাগের পত্র মোতাবেক এপিএ বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাকে প্রনোদনা হিসেবে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক আয়োজিত বিদেশ সফরে অগ্রাধিকার ভিত্তিতে অন্তর্ভূক্ত করবেন;

৬. এপিএ'র যে সকল সূচকে (সূচক নং [১.২.৬], [১.৩.৪], [২.২.৪], [২.৩.৩], [২.৪.৬], [২.৫.১], [৪.১.৮], [৭.১.১], [৭.১.৩]) মনিটরিং/পরিদর্শন কার্যক্রম সম্পৃক্ত রয়েছে সেগুলো স্বাস্থ্য সেবা বিভাগ ও দপ্তর/সংস্থা যৌথভাবে অথবা সমন্বয় করে কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

**স্বাক্ষরিত**
২৭/০২/২০২০
(মো: হাবিবুর রহমান খান)
সভাপতি
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও এপিএ টিম লিডার

স্মারক নং ৪৫.০০.০০০০.১৫৯.৯৯.০০৬.২০-১৯ তারিখ : ২৭ ফেব্রুয়ারি, ২০২০

১৪ মাঘ, ১৪২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জনাব শেখ মুজিবর রহমান, অতিরিক্ত সচিব (অভ্যন্তরীন প্রশাসন ও শৃংখলা অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. ড. মোঃ এনামুল হক, যুগ্মসচিব (বাজেট অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. জনাব মো: আবদুছ সালাম, উপসচিব (শৃংখলা অধিশাখা) ও এপিএ ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. পরিচালক, পরিকল্পনা ও গবেষনা ও এপিএ কো-অর্ডিনেটর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫. লাইন ডাইরেক্টর (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. জনাব মো: রফিকুল ইসলাম, সহকারি সচিব (সিবিএমই শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. বেগম লেজিনা মোনা সুমি, সহকারী প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. জনাব মো: আব্দুল হামিদ, তত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ) ও এপিএ ফোকাল পয়েন্ট, এইচইডি, মতিঝিল, ঢাকা।
৯. জনাব এ টি এম গোলাম কিবরিয়া খান, ঔষধ তত্বাবধায়ক ও এপিএ ফোকাল পয়েন্ট, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০. মোছা: ফরিদা ইয়াসমিন, নার্সিং অফিসার ও এপিএ ফোকাল পয়েন্ট, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে-বাংলা নগর, ঢাকা।
১১. ডা: আরাফাতুর রহমান, ডিপিএম (প্লানিং) ও এপিএ ফোকাল পয়েন্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১২. ডা: মাসুদ রেজা কবির, পিএম (প্রশাসন এন্ড অর্থ) ও ফোকাল পয়েন্ট সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৩. ডা: আবু বকর সিদ্দিক, ডিপিএম (ইউনানী) ও ফোকাল পয়েন্ট এএমসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৪. ডা: এস এম মুস্তাফিজুর রহমান, ডিপিএম-৪ ও ফোকাল পয়েন্ট এনসিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৫. ডা: মো: শফীউর রহমান, সহকারী পরিচালক (হাসপাতাল-১) ও ফোকাল পয়েন্ট এইচএসএম, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৬. জনাব অঞ্জন কুমার সাহা, MIS/IT Export ও ফোকাল পয়েন্ট সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৭. ডা: খ: বদরুল আলম, সহকারী প্রধান এবং ডিপিএম ও ফোকাল পয়েন্ট লাইফস্টাইল এবং হেল্থ এডুকেশন ও প্রমোশন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৮. ডা: বেলায়েত হোসেন, মেডিকেল অফিসার ও ফোকাল পয়েন্ট এমএনসিএন্ডএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৯. জনাব সুখেন্দু রায়, সিস্টেম এনালাইস্ট ও ফোকাল পয়েন্ট এইচআরএস এন্ড ই-হেল্থ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২০. ডা: মোহাম্মদ আবদুল হাদী খান, ডিপিএম (এডমিন এন্ড ফাইনান্স) ও ফোকাল পয়েন্ট টিবি- লেপ্রোসী এন্ড এসটিটি এইড্‌স, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২১. ইঞ্জিনিয়ার মো: নাজমুল আহসান, ডিপিএম এবং প্রোগ্রামিং অফিসার ও ফোকাল পয়েন্ট এন এন এস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(মো: আবদুছ সালাম)
উপসচিব
(এপিএ ফোকাল পয়েন্ট)
ফোন: ৯৫৪৫০২৮
apahsd19@gmail.com